

প্রাণিসম্পদ গীতি

-----ডাঃ সুখেন্দু শেখর গায়েরন(২১/০৩/২০২২)

গাভীর কেন ডাক ধরে না,
কেন বাচ্চা দেয় না,
কারণ কিছু কই,
সকালে ডাকলে গাভী
বিকেলে প্রজনন দিবি,
নিয়মকানুন মানবি অবশ্যই।।
ক্যালসিয়াম ঘাসে ঘাসে,
দানাদারে ফসফরাস আছে
গাভী পালতে আগে ঘাস,
খাওয়ান ভাই বারোমাস,
ঘাস নেই তো বিফল কবই।।
ক্যালসিয়াম সাড়ে তিন বেশি
ফসফরাস থেকে বলেছি,
ক্যালসিয়াম দেড় কম ,
ফসফরাস উর্ধতম,
ডাক ধরে না প্রজনন যতই।।
জিঙ্ক,কপার কম খেয়েছে,
দানাদার কম পেয়েছে,
দেহেতে কোবাল্ট কম,
ভিটামিন এ নিম্নতম,
বিফলতা আসবে নিশ্চয়ই।।